

...

সভাপতি	মো: শফিকুর রেজা বিশ্বাস বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২১/১২/২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ১২.৩০ টায়
স্থান	Zoom Cloud Meeting App এর মাধ্যমে
উপস্থিতি	পরিশিষ্ট-“ক”

অনলাইন প্লাটফর্মে সংযুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। সভাপতি বলেন, বিভাগীয় পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর যথাযথ বাস্তবায়নে সার্বিক কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত বিভাগীয় কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
গত সভার কার্যবিবরণী অনুমোদন	বিগত ১৩/০৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়।	কোন সংশোধন/সংযোজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
ত্রৈমাসিক প্রতিবেদন আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	১। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আগামী ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও আপলোড করতে হবে। ২। বিভাগীয় সকল দপ্তরকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের অনুলিপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ

<p>ই-নথি ও ইনোভেশন</p>	<p>সভায় দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। প্রতিটি দপ্তরের ইনোভেশন কার্যক্রম পরীক্ষণের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>১। দাপ্তরিক কাজে ই-নথি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>২। ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্নেন্স কর্মপরিকল্পনায় নির্ধারিত সূচক বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ</p>
<p>সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রমাণক হিসেবে কোন কার্যপত্র গ্রহণ করা হবে না। প্রতিটি কার্যবিবরণীতে গত সভার কতটি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে তা উল্লেখ করতে হবে এবং এপিএ মূল্যায়নে সংশ্লিষ্ট প্রমাণক হিসেবে দাখিলের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রমাণক হিসেবে কোন কার্যপত্র গ্রহণ করা হবে না। প্রতিটি কার্যবিবরণীতে গত সভার কতটি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে তা উল্লেখ করতে হবে এবং এপিএ মূল্যায়নে সংশ্লিষ্ট প্রমাণক সামারি শিটে দাখিল করতে হবে।</p>	<p>বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ</p>
<p>এপিএ টিম সংক্রান্ত</p>	<p>২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্দেশিকায় এপিএ টিম গঠনের বিষয়টি উল্লেখ রয়েছে এবং কার্যপরিধি অনুযায়ী নিয়মিত সভা করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নিয়মিত সভা আয়োজন করতে হবে এবং সমস্যাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তি করতে হবে।</p> <p>২। বিভাগীয় দপ্তর হতে এপিএ টিমের কার্যবিবরণী অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ</p>

<p>তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদ</p>	<p>তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ ও প্রকাশযোগ্য এবং অপ্রকাশযোগ্য তথ্যের তালিকা ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নথির শ্রেণি উল্লেখপূর্বক ইনডেক্স তৈরি করে তা সংরক্ষণ করতে হবে।</p> <p>২। প্রকাশযোগ্য এবং অপ্রকাশযোগ্য তথ্যের তালিকা ওয়েবসাইটে আপলোড এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে অধঃস্তন দপ্তরের বিভিন্ন সভার কার্যবিবরণীতে তা অন্তর্ভুক্ত করতে হবে।</p>	<p>বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ</p>
---	---	--	---

পরিশেষে সভাপতি সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নে একসাথে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: শফিকুর রেজা বিশ্বাস
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৫.০০০০.০১১.০৬.০০২.১৯.৩৯৫

তারিখ: ৭ পৌষ ১৪২৯

২২ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) ডিআইজি, ময়মনসিংহ বিভাগ
- ৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ
- ৬) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ময়মনসিংহ বিভাগ
- ৭) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ
- ৮) জেলা প্রশাসক, জামালপুর/ময়মনসিংহ/শেরপুর/নেত্রকোণা
- ৯) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
- ১০) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ



ফারুক আহমেদ
সিনিয়র সহকারী কমিশনার